গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন

এবং

সচিব, পরিকল্পনা বিভাগ (মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি) এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৯ হতে ৩০ জুন, ২০২০

# সূচিপত্র


| ক্রমিক নং | বিবরণ | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ | শিল্প ও শক্তি বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৩-৪ |
| ২ | উপক্রমনিকা (Preamble) | ৫ |
| ৩ | সেকশন-১: শিল্প ও শক্তি বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ৬ |
| ৪ | সেকশন-২: শিল্প ও শক্তি বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | ৭ |
| ৫ | সেকশন-৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৮-১০ |
| ৬ | সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) | ১২ |
| ৭ | সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, মন্ত্রণালয়/বিভাগ এবং পরিমাপ পদ্ধতির বিবরণ | ১৩-১৪ |
| ৮ | সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুর্নিদিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ | ১৫-১৬ |

# শিল্প ও শক্তি বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performances of the Industry and Energy Division)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা :

### ১. সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগ বার্ষিক উন্নয়ন কর্মসূচীর ৩টি সেক্টর যথা-১) শিল্প, ২) বিদ্যুৎ এবং ৩) তৈল, গ্যাস ও প্রাকৃতিক সম্পদ এর সাথে সম্পৃক্ত। শিল্প ও শক্তি বিভাগের ৩টি উইং যথা: (ক) শিল্প ও সমন্বয় উইং (খ) ইঞ্জিনিয়ারিং এন্ড ইলেকট্রনিক্স উইং এবং (গ) পাট, বস্ত্র ও বেপজা উইং এর মাধ্যমে শিল্প সেক্টরের আওতাধীন শিল্প মন্ত্রণালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীনস্থ বেজা ও বেপজা'র উন্নয়ন প্রকল্পসমূহ প্রক্রিয়াকরণ ও প্রকল্পের অনুকূলে উন্নয়ন বাজেটে বরাদ্দ প্রদান করা হয়ে থাকে। বিদ্যুৎ উইং এর মাধ্যমে বিদ্যুৎ সেক্টরের আওতাধীন বিদ্যুৎ বিভাগের এবং তৈল, গ্যাস ও প্রাকৃতিক সম্পদ উইং এর মাধ্যমে তৈল, গ্যাস ও প্রাকৃতিক সম্পদ সেক্টরের আওতাধীন জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের এবং শিল্প সেক্টরের আওতায় শিল্প মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের উন্নয়ন প্রকল্পসমূহ প্রক্রিয়াকরণ করা হয়ে থাকে। এ বিভাগের ৫টি উইংয়ের মাধ্যমে এসকল সেক্টরে সাম্প্রতিক বছরসমূহের (বিগত ৩ বছর) প্রধান অর্জনসমূহ নিম্নরপঃ

**সেক্টর : শিল্প**

**উইং: শিল্প, পাট ও বস্ত্র এবং ইঞ্জিনিয়ারিং এন্ড ইলেকট্রনিক্স উইং**

শিল্প সেক্টরটি ৫টি সাব-সেক্টরে বিভক্ত। তিনটি উইংয়ের মাধ্যমে এ ৫টি সাব-সেক্টরের আওতাধীন উন্নয়ন প্রকল্পসমূহ প্রক্রিয়াকরণ করা হচ্ছে। বিগত ৩ বছরে এ সেক্টরের আওতায় মোট ১০৮টি পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে এবং ৯৭টি প্রকল্প অনুমোদিত হয়েছে। এ সেক্টরের আওতায় ২০১৮-১৯ অর্থ বছরে ৭৭টি প্রকল্পের অনুকূলে মোট ২০৪৬.২৭ কোটি টাকা, ২০১৭-১৮ অর্থ বছরে ৬০টি প্রকল্পের অনুকূলে ১৫৬৩.৫৫ কোটি টাকা এবং ২০১৬-১৭ অর্থ বছরে ৬৪টি প্রকল্পের অনুকূলে ৯৭৪.১২ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়। বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ শিল্পনগরী ও অর্থনৈতিক অঞ্চল স্থাপন, আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে কারিগরি ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান, খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনে রাসায়নিক সার উৎপদান, চিনি শিল্পের উন্নয়ন, চা চাষ সম্প্রসারণ ও রপ্তানী বৃদ্ধি এবং বস্ত্র, পাট, তাঁত ও রেশম খাতের উন্নয়নের মাধ্যমে সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনার লক্ষ্য অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

**সেক্টর : বিদ্যুৎ**

**উইং : বিদ্যুৎ**

বিগত ৩ বছরে এ সেক্টরের আওতায় মোট ৯০টি পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে এবং ৭০টি প্রকল্প অনুমোদিত হয়েছে। এ সেক্টরের আওতায় ২০১৮-১৯ অর্থ বছরে ১০৯টি প্রকল্পের অনুকূলে মোট ২৩৮৮৫.৩৬ কোটি টাকা, ২০১৭-১৮ অর্থ বছরে ৯৭টি প্রকল্পের অনুকূলে ২৪৫৩০.৩২ কোটি টাকা এবং ২০১৬-১৭ অর্থ বছরে ৮৯টি প্রকল্পের অনুকূলে ১৩৪৪৭.৫৭ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়। এসব প্রকল্প বাস্তবায়নের ফলে ২০২১ সালের মধ্যে ২৪০০০ মেঃ ওঃ এবং ২০৩০ সালের মধ্যে ৪০০০০ মেঃওঃ বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জিত হবে। তাছাড়া, নতুন নতুন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপিত হওয়ায় সর্বোচ্চ বিদ্যুৎ উৎপাদন ৩২৬৮ মেঃওঃ হতে বৃদ্ধি পেয়ে ১২০৬৭ মেঃওঃ এ উন্নীত হয়েছে। বিদ্যুতের ব্যবহার ৯৩% হওয়াসহ মাথাপিছু বিদ্যুৎ গ্রহণের পরিমাণ ৪৬৪ কিঃওঃ এ উন্নীত এবং সিস্টেম লস এখন ১১.৮৭% এ নেমে এসেছে। নবায়নযোগ্য জ্বালানি ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে "৫০০ মেগাওয়াট সৌর বিদ্যুৎ কর্মসূচি" বাস্তবায়ন করা হয়েছে।

**সেক্টর : তৈল, গ্যাস ও প্রাকৃতিক সম্পদ**

**উইং : তৈল, গ্যাস ও প্রাকৃতিক সম্পদ**

বিগত ৩ বছরে এ সেক্টরের আওতায় মোট ৩১টি পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে এবং ২৩টি প্রকল্প অনুমোদিত হয়েছে। এ সেক্টরের আওতায় ২০১৮-১৯ অর্থ বছরে ১২টি প্রকল্পের অনুকূলে মোট ২২০৯.১২ কোটি টাকা, ২০১৭-১৮ অর্থ বছরে ১৩টি প্রকল্পের অনুকূলে ১৩৪৬.৪৮ কোটি টাকা এবং ২০১৬-১৭ অর্থ বছরে ১৬টি প্রকল্পের অনুকূলে ১০৬৭.৮৭ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়। এসব প্রকল্প বাস্তবায়নের ফলে গ্যাস উৎপাদন দৈনিক গড়ে ২৭৫০ এমএমএসএফডি মিলিয়ন ঘনফুট বৃদ্ধিসহ ৯টি অনুসন্ধান কূপ, ২২টি কূপের উন্নয়ন ও ১টি গ্যাসক্ষেত্র আবিষ্কৃত হয়েছে। তাছাড়া, বাপেক্সের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ১টি খনন রিগ, ১টি ওয়ার্কওভার রিগ এবং ২টি প্রসেস প্লান্ট সংগ্রহ করা হয়েছে। দেশের ক্রমবর্ধমান গ্যাসের চাহিদা মেটানোর জন্য এলএনজি আমদানির লক্ষ্যে মহেশখালীতে দৈনিক ৫০০ এমএমসিএফডি ক্ষমতাসম্পন্ন একটি Floating Storage and Re-gasification Unit (FSRU) স্থাপন করা হয়েছে।

## ২. সমস্যা ও চ্যালেঞ্জসমূহ

- এমটিবিএফ বরাদ্দ এবং পরিকল্পিত উন্নয়নের লক্ষ্যে পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত প্রকল্পের বছরওয়ারী বরাদ্দ চাহিদার মধ্যে পার্থক্য;
- উন্নয়ন পরিকল্পনা প্রনয়নে সেক্টরাল পলিসি না থাকায় প্রকল্প গ্রহণের ক্ষেত্রে যথার্থতার ঘাটতি;
- নির্ধারিত নীতিমালা অনুসরণপূর্বক নতুন প্রকল্প গ্রহণের প্রাক্কালে যথাযথ এপ্রাইজাল নিশ্চিতকরণ;
- প্রকল্প ব্যবস্থাপনায় দুর্বলতা ;
- প্রকল্পের কার্যক্রম টেকসইকরণ (Sustainability) এবং সমাপ্ত প্রকল্পের যথাযথ ফলোআপ;

## ৩. ভবিষ্যৎ পরিকল্পনা

- কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধিকল্পে যথাযথ প্রশিক্ষণ এবং ওয়ার্কশপের ব্যবস্থাকরণ।
- শিল্পের দ্রুত বিকাশ, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ ও জ্বালানী নিরাপত্তা নিশ্চিতকরণে প্রকল্প গ্রহণ, প্রক্রিয়াকরণ ও অনুমোদন এবং বাস্তবায়নের যথার্থতা নিশ্চিতকল্পে সেক্টরাল পলিসি প্রণয়ন;
- উদ্দ্যেশ্যের সাথে প্রকল্পের সংশ্লিষ্টতা যাচাইয়ের জন্য প্রকল্পের বিভিন্ন কার্যক্রম বিশ্লেষণে এমআইএস চালুকরণ;
- জাতীয় ও অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ অথচ দক্ষতার ঘাটতি রয়েছে এমন সংস্থাসমূহকে ডিপিপি/টিপিপি প্রণয়নে সহায়তা প্রদান;
- বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রকল্প পরিদর্শন এবং এই বিভাগের প্রকল্পের সমস্যা/অগ্রগতি বিষয়ে সভা/সেমিনার আয়োজন।

## ২০১৯-২০২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ২০২০ সালের মধ্যে বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ ২৩০০০ মে:ও:এ উন্নীতকরণের এবং দশ ভাগ বিদ্যুৎ নবায়নযোগ্য জ্বালানীর উৎস হতে মেটানোর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।
- ২০২০ সালের মধ্যে ৮৪৪৩ সাঃকিঃমিঃ নতুন ট্রান্সমিশন লাইন ও ১ লক্ষ ৭০ হাজার কিঃমিঃ বিতরণ লাইন স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং সিস্টেম লস ৯% এ হ্রাস করার লক্ষমাত্রা স্থির করা হয়েছে।
- ২০২০ সালের মধ্যে আরো ৯৮.৫২ লক্ষ নতুন গ্রাহক সংযোগের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।
- মোট গ্যাস উৎপাদন ৮৯০ বিসিএফ; পেট্রোলিয়াম প্রোডাক্টস (এনজিএল ব্যতীত) উৎপাদন ৫৯০ মিলিয়ন লিটার;
- চট্টগ্রাম-ফেনী, মহেশখালী-জিরো পয়েন্ট, ধনুয়া-এলেঙ্গা ও বঙ্গবন্ধু সেতুর পশ্চিম পাড়-নলকায় ১০০ কি.মি. গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ কাজ সম্পন্নকরণ;
- ২০১৯-২০ অর্থ বছরসহ পরবর্তী অর্থ বছরসমূহে পাট ও পাটজাত পণ্যের বহুমুখী ব্যবহারে বিভিন্ন কার্যক্রম ও প্রকল্প গ্রহণের মাধ্যমে পাটের হৃতগৌরব ফিরিয়ে আনার লক্ষ্যে সরকার নানামুখী কার্যক্রম গ্রহণ করেছে;
- চামড়া এবং চামড়াজাত দ্রব্য, ফুটওয়ার, লাইট ইঞ্জিনিয়ারিং ও প্লাস্টিক পণ্য রাপ্তানির ক্ষেত্রে প্রতিযোগিতা বৃদ্ধির জন্য বিদ্যমান সমস্যাসমূহ দূরীকরণের পদক্ষেপ গ্রহণ। ১২ জেলায় বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই) এর অফিস স্থাপনের পরিকল্পনা নেয়া হয়েছে, ন্যাশনাল মেট্রোলজী ল্যাবরেটরী আধুনিকায়ন ও সম্প্রসারণ, টায়ার টিউব এলপিজি সিলিন্ডার এবং প্রটেক্টিভ হেলমেট পরীক্ষণ সুবিধা, পেট্রোলিয়াম পণ্য পরীক্ষণ ল্যাবরেটরী আধুনিকায়ন এর পরিকল্পনা নেয়া হয়েছে;
- টিসিবির আওতায় ৩ জেলায় ১০,০০০ মে: টন ধারণ ক্ষমতাসম্পন্ন গুদাম নির্মাণের পরিকল্পনা নেয়া হয়েছে;
- বাংলাদেশ চা বোর্ডের স্থায়ী আয়ের ব্যবস্থা করা ও চা বোর্ডের মূল্যবান ভূমির ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে ১৮৬ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্প অনুমোদনের সুপারিশ করা হয়েছে;
- ই-কমার্স বিষয়ে ইউনিয়ন ডিজিটাল সেন্টার নির্মাণ ও ইউনিয়ন ভিত্তিক ই-কমার্স প্রশিক্ষণ ও দক্ষ ই-কমার্স উদ্যোক্তা তৈরীতে মোট ৪০০০ জন্য গ্রামীণ সম্ভাব্য উদ্যোক্তা তৈরীতে প্রকল্প নেয়া হয়েছে।

# উপক্রমনিকা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রুপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের দায়িত্বে নিয়োজিত সদস্য

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি হিসেবে সচিব, পরিকল্পনা বিভাগ-এর মধ্যে ২০১৯ সালের ...জুন...মাসের ...২৩...তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

# সেকশন-১:

## শিল্প ও শক্তি বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision): শিল্পের দ্রুত বিকাশ এবং শিল্পায়ন, কর্মসংস্থান, উৎপাদন বহুমুখীকরণ, রপ্তানি বৃদ্ধি, পাট ও পাটজাত পণ্যের বহুমুখী ব্যবহার, অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ ও জ্বালানী সরবরাহের নিশ্চয়তা।

১.২ অভিলক্ষ্য (Mission): শিল্পের দ্রুত বিকাশ, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহসহ জ্বালানী নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রকল্প গ্রহণ, প্রক্রিয়াকরণ ও অনুমোদন এবং নীতি ও কৌশল প্রণয়নে সহায়তা প্রদান।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

- জাতীয় উন্নয়ন পরিকল্পনার আলোকে উন্নয়ন প্রকল্পের অনুমোদন তরান্বিতকরণ;
- খসড়া এডিপি/আরএডিপি প্রণয়নে কার্যকর অংশগ্রহণ;
- মাঠ পর্যায়ে উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম পরিদর্শন;
- প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে মতামত প্রদান;
- প্রকল্প বাস্তবায়নে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ।

আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

- দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহিতা নিশ্চিতকরণ;
- কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি;
- আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।

### ১.৪ কার্যাবলি (Functions):

(১) সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনার লক্ষ্য ও উদ্দেশ্যের আলোকে সেক্টরাল উন্নয়ন কর্মসূচী প্রণয়ন;

(২) সেক্টরাল পরিকল্পনার সাথে শিল্প ও শক্তি বিভাগের উন্নয়ন কর্মসূচীর সমন্বয়;

(৩) উন্নয়ন প্রকল্প প্রক্রিয়াকরণের লক্ষ্যে মূল্যায়ন (appraisal) এবং প্রকল্প অনুমোদনে সহায়তা প্রদান;

(৪) সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থার সাথে আলোচনাক্রমে এডিপি ও আরএডিপি প্রণয়নে সহায়তা প্রদান; এবং

(৫) সেক্টরাল উন্নয়ন পরিকল্পনা ও পরিকল্পনা নীতি প্রণয়নে সহায়তা প্রদান।

## সেকশন-২:

### শিল্প ও শক্তি বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব** (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপণ (Projection) | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র [Sources(s) of data] |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯* | | ২০২০-২১ | ২০২১-২২ | | |
| জাতীয় উন্নয়ন পরিকল্পনা দলিলের সাথে সামঞ্জস্যপূর্ণ প্রকল্প অনুমোদনে সহায়তা প্রদান | সামাঞ্জস্যপূর্ণ প্রকল্পের হার | % | ৮৪% | ৮৫% | ৯০% | ৯৪% | ৯৭% | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ( পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের আওতাধীন মন্ত্রণালয়/বিভাগসমূহ) | পিইসি সভার কার্যপত্র/পরিকল্পনা বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| যথাযথভাবে এবং টেকসই উন্নয়নকল্পে সঠিক প্রকল্পসমূহ যথা পদ্ধতিতে অনুমোদন ত্বরান্বিতকরণ | উন্নয়ন পরিপত্র এবং বিভিন্ন গাইডলাইন অনুসরণের হার | % | ৮২% | ৮৩% | ৯০% | ৯৪% | ৯৭% | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ( পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের আওতাধীন মন্ত্রণালয়/বিভাগসমূহ) | পিইসি সভার কার্যপত্র/পরিকল্পনা বিভাগের বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (Provisional) তথ্য

## সেকশন-৩

### কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্ম সম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন * | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপন ২০২০-২১ | প্রক্ষেপন ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতিমান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ১. জাতীয় উন্নয়ন পরিকল্পনার আলোকে উন্নয়ন প্রকল্পের অনুমোদন তরান্বিতকরণ | ৩৭ | ১.১ প্রকল্প প্রক্রিয়াকরণ, মূল্যায়ন ও অনুমোদনের জন্য উপস্থাপন | (১.১.১) প্রক্রিয়াকরণকৃত প্রকল্প | হার | ১২ | ৯৭.৫% | ৯৮% | ৯৮% | ৯০% | ৮৫% | ৮০% | ৭৫% | ৯৮% | ৯৮% |
| | | | (১.১.২) প্রকল্প মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠান | সংখ্যা | ১০ | ৭৪ | ৮৪ | ৭৫ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ | ৭০ | ৭৫ |
| | | | (১.১.৩) অনুমোদনের জন্য উপস্থাপিত প্রকল্প | সংখ্যা | ৮ | ৫৮ | ৬৩ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৬০ | ৬৫ |
| | | ১.২ পিএসসি, এডিপি,পিআইসি, ডিপিইসি/ডিএসপিইসি/সমন্বয় পর্যালোচনা সভায় যোগদান | (১.২.১) অংশগ্রহণকৃত সভা | সংখ্যা | ৭ | ২০১ | ৩৫২ | ২৭০ | ২৫০ | ২০০ | ১৭০ | ১৫০ | ২৩০ | ২৭০ |
| ২. খসড়া এডিপি/ আরএডিপি প্রণয়নে কার্যকর অংশগ্রহণ | ১৪ | ২.১ প্রকল্পের অনুকূলে অর্থ বরাদ্দ | (২.১.১) এডিপি প্রস্তাব প্রেরণ | কার্যদিবস | ৭ | ৫ দিন | ৫ দিন | ৫ দিন | ৭ দিন | ৮ দিন | ১০ দিন | ১২ দিন | ৫ দিন | ৫ দিন |
| | | | (২.১.২) আরএডিপি প্রস্তাব প্রেরণ | কার্যদিবস | ৭ | ৫ দিন | ৩ দিন | ৫ দিন | ৭ দিন | ৮দিন | ১০ দিন | ১২ দিন | ৫ দিন | ৫দিন |
| ৩. মাঠ পর্যায়ে প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম | ৯ | ৩.১ প্রকল্প পরিদর্শন | (৩.১.১) পরিদর্শনকৃত প্রকল্প | সংখ্যা | ৫ | ৩৭ | ২৮ | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ১২ | ২৫ | ২৮ |
| | | | (৩.১.২) পরিবীক্ষণকৃত প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ৪ | ২১ | ১৯ | ৩০ | ২৫ | ২০ | ১৮ | ১৫ | ৩৫ | ৪০ |
| ৪.প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে মতামত প্রদান | ৬ | ৪.১ ক্রয়প্রস্তাব ও ঋণচুক্তি সহ অন্যান্য বিষয়ে মতামত প্রদান | ৪.১.১ মতামত প্রদানের সংখ্যা | সংখ্যা | ৬ | ৫৭ | ১০৯ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ | ৩০ | ৬০ | ৭০ |
| ৫. প্রকল্প বাস্তবায়নে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ | ৯ | ৫.১ জাতীয় সংসদ এবং মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি অবহিতকরণ | ৫.১.১ সংসদে প্রশ্নোত্তর প্রেরণ | কার্যদিবস | ৩ | ৫ দিন | ২ দিন | ৫ দিন | ৬ দিন | ৭ দিন | ৮ দিন | ১০ দিন | ৫ দিন | ৫ দিন |
| | | | ৫.১.২ জাতীয় সংসদে মহামান্য রাষ্ট্রপতির ভাষণ/ বাজেট বক্তৃতা /অর্থনৈতিক সমীক্ষা প্রতিবেদনের হালনাগাদ তথ্যাদি প্রেরণ | কার্যদিবস | ৩ | ৭ দিন | ৪ দিন | ৬ দিন | ৮ দিন | ১০ দিন | ১২ দিন | ১৫ দিন | ৫ দিন | ৫ দিন |
| | | ৫.২ রূপকল্প ২০২১, এসডিজি, ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা ও অন্যান্য কৌশলগত দলিল ও নীতির সাথে সামঞ্জস্যকরণ। | ৫.১.৩ পঞ্চবার্ষিক পরিকল্পনা/ এর জন্য মতামত/তথ্যাদি প্রেরণ | কার্যদিবস | ৩ | ৮ দিন | এ বছরে এ সংক্রান্ত কোন চাহিদা পাওয়া যায়নি। | ৭ দিন | ১০ দিন | ১২ দিন | ১৪ দিন | ১৫ দিন | ৮ দিন | ৭ দিন |

* প্রকৃত অর্জন (২০১৮-১৯): মার্চ ২০১৯ পর্যন্ত প্রাপ্ত তথ্যের ভিত্তিতে

# মন্ত্রণালয়/বিভাগের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৫-১৬ (Target Value -2015-16) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ৮ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ১ | ৬০ | - | - | - | - |
| | | | এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল প্রতিবেদন নির্ধারিত সময়ে অনলাইনে দাখিলকৃত। (এ বিভাগ সংশ্লিষ্ট নয়) | সংখ্যা | ১ | ৪ | | | | |
| | | | দপ্তর/সংস্থার ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোনান্তে ফলাবর্তক প্রদত্ত (এ বিভাগ সংশ্লিষ্ট নয়) | তারিখ | ০.৫ | ৩১ জানুয়ারি, ২০২০ | ০৭ ফেব্রুয়ারি, ২০২০ | ১০ ফেব্রুয়ারি, ২০২০ | ১১ ফেব্রুয়ারি, ২০২০ | ১৪ ফেব্রুয়ারি, ২০২০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত (এ বিভাগ সংশ্লিষ্ট নয়) | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | - |
| | | | ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন ওয়েব সাইটে প্রকাশিত (এ বিভাগ সংশ্লিষ্ট নয়) | তারিখ | ১ | ১৫ অক্টোবর, ২০১৯ | ১৫ নভেম্বর, ২০১৯ | ১৫ ডিসেম্বর, ২০১৯ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ৩১ জানুয়ারি, ২০১৯ |
| | | অভিযোগ ও প্রতিকার ব্যবস্থাপনা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | - |
| | | | অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত (এ বিভাগ সংশ্লিষ্ট নয়) | সংখ্যা | ০.৫ | ১২ | ১১ | ১০ | ৯ | - |
| | | সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন | সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত (এ বিভাগ সংশ্লিষ্ট নয়) | % | ১ | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | - |
| | | | নির্ধারিত সময়ে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত (এ বিভাগ সংশ্লিষ্ট নয়) | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | ২ | - | - |
| | | | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত (পিইসি/এডিপি রিভিউ সভার মাধ্যমে)। | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর, ২০১৯ | ১৫ জানুয়ারি, ২০২০ | ০৭ ফেব্রুয়ারি, ২০২০ | ১৭ ফেব্রুয়ারি, ২০২০ | ২৮ ফেব্রুয়ারি, ২০২০ |
| কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি। | ১১ | মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | সকল শাখায় ই-নথির ব্যবহার | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | | ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | % | ১ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে পত্র জারী | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ডিজিটাল | নূন্যতম একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত। (এ বিভাগ | তারিখ | ১ | ১৫ ফেব্রুয়ারি, | ১৫ মার্চ, | ৩১ মার্চ, ২০২০ | ৩০ এপ্রিল, | ৩০ মে, ২০২০ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৫-১৬ (Target Value -2015-16) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | সেবা চালু করা। | সংশ্লিষ্ট নয়) | | | ২০২০ | ২০২০ | | ২০২০ | |
| | | মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন | নূন্যতম একটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত (এ বিভাগ সংশ্লিষ্ট নয়) | তারিখ | ১ | ১১ মার্চ ২০২০ | ১৮ মার্চ, ২০২০ | ২৫ মার্চ, ২০২০ | ১ এপ্রিল, ২০২০ | ৮ এপ্রিল, ২০২০ |
| | | প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা। | বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত | তারিখ | ০.৫ | ১০ জানুয়ারি, ২০২০ | ১৭ জানুয়ারি, ২০২০ | ২৪ জানুয়ারি, ২০২০ | ২৮ জানুয়ারি, ২০২০ | ৩১ জানুয়ারি, ২০২০ |
| | | | প্রণীত তালিকা অনুযয়ী বিনষ্টকৃত নথি | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | সেবা সহজীকরণ | নূন্যতম একটি সেবা সহজিকরণ প্রসেস ম্যাপসহ সরকারি আদেশ জারিকৃত। (এ বিভাগ সংশ্লিষ্ট নয়) | তারিখ | ০.৫ | ১৫ অক্টোবর, ২০১৯ | ২০ অক্টোবর, ২০১৯ | ২৪ অক্টোবর, ২০১৯ | ২৮ অক্টোবর, ২০১৯ | ৩০ অক্টোবর, ২০১৯ |
| | | | সেবা সহজিকরণ অধিক্ষেত্রে বাস্তবায়িত (এ বিভাগ সংশ্লিষ্ট নয়) | তারিখ | ০.৫ | ১৫ এপ্রিল, ২০২০ | ৩০ এপ্রিল, ২০২০ | ১৫ মে, ২০২০ | ৩০ মে, ২০২০ | ১৫ জুন, ২০২০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা। | পিআরএল আদেশ জারিকৃত (পরিকল্পনা বিভাগ সংশ্লিষ্ট) | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়ন পত্র জারিকৃত (পরিকল্পনা বিভাগ সংশ্লিষ্ট) | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | নিয়োগ প্রদানের জন্য বিজ্ঞপ্তী জারীকৃত (পরিকল্পনা বিভাগ সংশ্লিষ্ট) | % | ০.৫ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | | নিয়োগ প্রদানকৃত (পরিকল্পনা বিভাগ সংশ্লিষ্ট) | % | ০.৫ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | বিভাগীয় মামলা নিষ্পত্তি | বিভাগীয় মামলা নিষ্পত্তিকৃত (পরিকল্পনা বিভাগ সংশ্লিষ্ট) | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | - |
| | | তথ্যবাতায়ন হালনাগাদকরণ | মন্ত্রণালয়/বিভাগের সকল তথ্য হালনাগাদকৃত। | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন (পরিকল্পনা বিভাগ সংশ্লিষ্ট) | ৬ | বাজেট বাস্তবায়নে উন্নয়ন | বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত (পরিকল্পনা বিভাগ সংশ্লিষ্ট) | তারিখ | ০.৫ | ১৬ আগস্ট, ২০১৯ | ২০ আগস্ট, ২০১৯ | ২৪ আগস্ট, ২০১৯ | ২৮ আগস্ট, ২০১৯ | ৩০ আগস্ট, ২০১৯ |
| | | | ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত।(পরিকল্পনা বিভাগ সংশ্লিষ্ট) | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | - | - | - |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি) বাস্তবায়িত। (পরিকল্পনা বিভাগ সংশ্লিষ্ট) | % | ২.০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | ক্রয় পরিকল্পনা বাস্তবায়িত। (পরিকল্পনা বিভাগ সংশ্লিষ্ট) | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির জন্য উপস্থাপিত অডিট আপত্তি। (পরিকল্পনা বিভাগ সংশ্লিষ্ট) | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত। (পরিকল্পনা বিভাগ সংশ্লিষ্ট) | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | টেলিফোন বিল পরিশোধ | টেলিফোন বিল পরিশোধিত। (পরিকল্পনা বিভাগ সংশ্লিষ্ট) | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | বিসিস/বিটিসিএল-এর ইন্টারনেট বিল পরিশোধ | ইন্টারনেট বিল পরিশোধিত। (পরিকল্পনা বিভাগ সংশ্লিষ্ট) | % | ১.০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |

আমি, সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন - মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি তথা সচিব, পরিকল্পনা বিভাগ-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, পরিকল্পনা বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি হিসেবে সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সংশ্লিষ্ট বিভাগকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ................................................<br>সদস্য<br>শিল্প ও শক্তি বিভাগ<br>পরিকল্পনা কমিশন | ................................................<br>তারিখ: |
| ২৬/৬/২০২২<br>................................................<br>সচিব<br>পরিকল্পনা বিভাগ | ২৬/৬/২০২২<br>................................................<br>তারিখ: |

সংযোজনী ১:

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নং | শব্দ সংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১। | মেঃওঃ | মেগাওয়াট |
| ২। | মে.টন | মেট্রিক টন |
| ৩। | কেভি | কিলোভোল্ট |
| ৪। | বিএমআরই | Balancing Modernization, Rehabilitation and Expansion |
| ৫। | বিপিসি | বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন |
| ৬। | ইআরএল (ERL) | ইস্টার্ণ রিফাইনারি লিমিটেড |
| ৭। | জিটিসিএল | গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লি: |
| ৮। | কেজিডিসিএল | কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড। |
| ৯। | FSRU | Floating Storage and Re-gasification Unit |
| ১০। | এডিপি | বার্ষিক উন্নয়ন কর্মসূচি |
| ১১। | আরএডিপি | সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি |

সংযোজনী- ২

## কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণ

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী সংস্থা/দপ্তর | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ১.১. প্রকল্প প্রক্রিয়াকরণ, মূল্যায়ন ও অনুমোদনের জন্য উপস্থাপন | ১.১ প্রক্রিয়াকরণকৃত প্রকল্প ১.১.২ প্রকল্প মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠান ১.৩.১ অনুমোদনের জন্য উপস্থাপিত প্রকল্পসমূহ | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত প্রকল্প এবং প্রকল্পের উপর পিইসি সভা অনুষ্ঠান এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহ ও আলোচ্য বিভাগ | অনুষ্ঠিত পিইসি এবং অনুমোদিত প্রকল্প সংখ্যা/ পরিকল্পনা বিভাগ/ কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ২ | ১.২. সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়নে সহায়তা | সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রকাশিত | প্রকল্পের চাহিদা এবং সীমাবদ্ধতার উপর ভিত্তি করে সংশোধিত এডিপি প্রণয়ন | আলোচ্য বিভাগ এবং কার্যক্রম বিভাগ | পরিকল্পনা বিভাগ/ কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ৩ | ১.৩. বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রণয়নে সহায়তা | বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রকাশিত | প্রকল্পের চাহিদা এবং সীমাবদ্ধতার উপর ভিত্তি করে এডিপি প্রণয়ন | আলোচ্য বিভাগ এবং কার্যক্রম বিভাগ | পরিকল্পনা বিভাগ/ কমিশনের বার্ষিকপ্রতিবেদন | |
| ৪ | ১.৪. বার্ষিক উন্নয়ন কর্মসূচি/সংশোধিত উন্নয়ন কর্মসূচী ইত্যাদি পর্যালোচনায় সহায়তা প্রদান | সভা অনুষ্ঠিত | প্রকল্পের চাহিদা এবং সীমাবদ্ধতা বিবেচনা কল্পে বিভিন্ন পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয় | আলোচ্য বিভাগ এবং কার্যক্রম বিভাগ | পরিকল্পনা বিভাগ/ কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ৫ | ১.৫ জিইডি/পরিকল্পনা বিভাগ কর্তৃক প্রণয়নাধীন বিভিন্ন পলিসি/রিপোর্ট প্রকাশে সেক্টরাল ইনপুট | জিইডি/পরিকল্পনা বিভাগ কর্তৃক প্রণয়নাধীন বিভিন্ন পলিসি/রিপোর্ট প্রকাশিত | উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন পলিসি পরিকল্পনা কমিশন/পরিকল্পনা বিভাগ কর্তৃক প্রকাশিত হয় | আলোচ্য বিভাগ, জিইডি এবং পরিকল্পনা বিভাগ | পরিকল্পনা বিভাগ/ কমিশনের বার্ষিকপ্রতিবেদন | |
| ৬ | ১.৬ বিভিন্ন বিভাগ/সংস্থা/মন্ত্রণালয় কর্তৃক রিপোর্ট/চুক্তি ইত্যাদির উপর মতামত প্রদান | বিভিন্ন বিভাগ/সংস্থা/ মন্ত্রণালয় কর্তৃক রিপোর্ট/চুক্তি ইত্যাদি গ্রহণ সম্পন্ন | ঋণ, বিভিন্ন উন্নয়ন ইস্যু, বৈদেশিক চুক্তি ইত্যাদি বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা জড়িত থাকে এবং বিভিন্ন বিষয় পর্যালোচনা করা হয় | আলোচ্য বিভাগ এবং সংশ্লিষ্ট সরকারী বিভাগ/সংস্থা/ মন্ত্রণালয় | পরিকল্পনা বিভাগ/ কমিশনের বার্ষিকপ্রতিবেদন | |
| ৭ | ২.১. প্রকল্প প্রক্রিয়াকরণ, মূল্যায়ন ও অনুমোদন | প্রক্রিয়াকৃত প্রকল্পের হার | প্রকল্প অনুমোদন প্রক্রিয়াকরণের জন্য সংশ্লিষ্ট সেক্টরের আওতাধীন মন্ত্রণালয়/বিভাগসমূহ হতে প্রকল্প প্রস্তাব আলোচ্য বিভাগে প্রেরণ করা হয় | আলোচ্য বিভাগ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় | পরিকল্পনা বিভাগ/ কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ৮ | | পিইসি/এসপিইসি | মন্ত্রণালয় সমূহ হতে প্রেরিত | আলোচ্য বিভাগ | পরিকল্পনা বিভাগ/ | |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী সংস্থা/দপ্তর | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | আয়োজন | প্রকল্প প্রস্তাবের উপর পিইসি/এসপিইসি আয়োজন করা হয় | এবং সভায় আমন্ত্রিত প্রতিনিধিগণ | কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ৯ | | চূড়ান্ত অনুমোদনের জন্য পেশ | সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্প চূড়ান্ত অনুমোদনের জন্য পরিকল্পনা মন্ত্রী অথবা একনেকে প্রেরণ করা হয় | আলোচ্য বিভাগ এবং পরিকল্পনা মন্ত্রীরদপ্তর/ একনেক | পরিকল্পনা বিভাগ/ কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ১০ | ২.২. প্রকল্প সম্পর্কিত বিভিন্ন সভা | অংশগ্রহণকৃত সভা | উন্নয়ন প্রকল্প সংক্রান্ত বিভিন্ন সভা মন্ত্রণালয়/সংস্থায় আয়োজন করা হয় এবং সেখানে পরিকল্পনা কমিশনের কর্মকর্তাগণ আমন্ত্রিত হন। | আলোচ্য বিভাগের সংশ্লিষ্ট আমন্ত্রণপ্রাপ্ত কর্মকর্তা এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থা | পরিকল্পনা বিভাগ/ কমিশনের বার্ষিক প্রতিবেদন | |

সংযোজনী ৩

## অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন পরিকল্পনা মন্ত্রণালয় | (ক) কার্যক্রম বিভাগ কর্তৃক এডিপির মোট আকার নির্ধারণ তথা অর্থনৈতিক খাত/ উপ-খাতভিত্তিক বরাদ্দ বিভাজন নির্ধারণের পর পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহকে অবহিত করা। সেক্টর-বিভাগসমূহ কর্তৃক কার্যক্রম বিভাগ হতে প্রাপ্ত অর্থনৈতিক খাত/উপ-খাতভিত্তিক বরাদ্দ বিবেচনায় রেখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, বাস্তবায়নকারী সংস্থা ও সংশ্লিষ্টদের সাথে আলোচনা, যৌক্তিকতা ও কর্মপরিকল্পনা পরীক্ষা-নিরীক্ষাপূর্বক প্রয়োজনে পরিবর্তন/ সংশোধন করতঃ প্রকল্পওয়ারী বরাদ্দ প্রস্তাব কার্যক্রম বিভাগে প্রেরণ করা।<br>(খ) অর্থ মন্ত্রণালয়/অর্থ বিভাগ এডিপি/ আরএডিপি এর উৎসওয়ারী অর্থায়ন (স্থানীয় ও বৈদেশিক) নির্ধারণপূর্বক তা পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগকে অবহিত করা। | চূড়ান্তকৃত বার্ষিক উন্নয়ন কর্মসূচি/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি মুদ্রিত ও প্রকাশিত। | বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়নের নির্দেশিকা অনুযায়ী নির্ধারিত ছক (ছক সমূহ) নির্ধারিত তারিখের মধ্যে সংস্থা থেকে মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ, এবং মন্ত্রণালয়/বিভাগ থেকে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগে প্রেরণ এবং সেক্টর বিভাগ থেকে কার্যক্রম বিভাগে তথ্যাবলী প্রেরণের নির্ধারিত সময়সূচি যথাযথভাবে অনুসরণ করতে হবে। কার্যক্রম বিভাগ বিজি প্রেস হতে প্রাপ্ত চূড়ান্তভাবে মুদ্রিত এডিপি/আরএডিপি জাতীয় বাজেটে অন্তর্ভুক্তির জন্য জাতীয় সংসদে প্রেরণ করবে। | দীর্ঘ মেয়াদি পরিকল্পনা ও মধ্য মেয়াদি লক্ষ্য বাস্তবায়নে সরকারের অন্যতম প্রধান মাধ্যম হচ্ছে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়ন। এডিপি/আরএডিপির অন্যতম প্রধান উদ্দেশ্য হচ্ছে ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা ও এসডিজি এর লক্ষ্যসমূহের সাথে সামঞ্জস্য সাধন করে অগ্রাধিকার খাতসমূহে, বিশেষ করে উচ্চহারে প্রবৃদ্ধি অর্জন, কর্মসংস্থানমুখী, মানবসম্পদ উন্নয়ন ও ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ সহায়ক খাতসমূহে, পর্যাপ্ত সম্পদ বরাদ্দ প্রদানের মাধ্যমে ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার লক্ষ্য অর্জন। | এডিপি)/সংশোধিত এডিপি প্রণয়নের কর্মপরিকল্পনা নির্দেশিকা অনুযায়ী কল নোটিশে (১ম ও ২য়) চাহিত তথ্যাদি যথাসময়ে কার্যক্রম বিভাগে প্রেরণ করা না হলে এডিপি/ আরএডিপি'র খসড়া অনুমোদনের সুপারিশ প্রদানের জন্য এনইসি/ পরিকল্পনা কমিশনের বর্ধিত সভায় উপস্থাপন করা সম্ভব হবে না।<br>দেশের আর্থ-সামাজিক উন্নয়ন ও লক্ষ্য অর্জন বাধাগ্রস্ত হবে। |
| সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ (বিদ্যুৎ বিভাগ, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক | প্রকল্পের উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বার্ষিক উন্নয়ন কর্মসূচি/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়নের জন্য কার্যক্রম | চূড়ান্তকৃত বার্ষিক উন্নয়ন কর্মসূচি/সংশোধিত বার্ষিক উন্নয়ন | এডিপি/ আরএডিপি প্রণয়নের নির্দেশিকা অনুযায়ী নির্ধারিত ছক (ছক সমূহ) নির্ধারিত তারিখের মধ্যে সংস্থা থেকে মন্ত্রণালয়/বিভাগে এবং মন্ত্রণালয়/বিভাগ থেকে পরিকল্পনা | দীর্ঘ মেয়াদি পরিকল্পনা ও মধ্য মেয়াদি লক্ষ্য বাস্তবায়নে সরকারের অন্যতম প্রধান মাধ্যম হচ্ছে এডিপি/ আরএডিপি প্রণয়ন। এডিপি/ | উদ্যোগী মন্ত্রণালয় বিভাগ হতে বার্ষিক এডিপি/আরএডিপি প্রণয়নের কর্ম পরিকল্পনা |

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, প্রধানমন্ত্রীর কার্যালয় এবং বাণিজ্য মন্ত্রণালয়,) | বিভাগ কর্তৃক প্রণীত এবং প্রেরিত ছক/প্রস্তাব সংশ্লিষ্ট বাস্তবায়নকারী সংস্থা/বিভাগসমূহ হতে সংগ্রহপূর্বক পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগে প্রেরণ করা।<br>সংশ্লিষ্ট সেক্টর-বিভাগ উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ এর তথ্য-উপাত্ত পরিকল্পনা কমিশনে সংগ্রহপূর্বক এডিপি/আরএডিপির জন্য নির্ধারিত কল নোটিশ (বিভিন্ন ছক) পূরণ করে প্রকল্পভিত্তিক বরাদ্দ প্রস্তাব প্রণয়ন পূর্বক তা কার্যক্রম বিভাগে প্রেরণ করা। | কর্মসূচি মুদ্রিত ও প্রকাশিত। | কমিশনের সেক্টর বিভাগে প্রেরণের নির্ধারিত সময়সূচি যথাযথভাবে অনুসরণ করতে হবে, যাতে কল নোটিশ (১ম ও ২য়) যথাসময়ে কার্যক্রম বিভাগে প্রেরণ করা যায়। | আরএডিপির অন্যতম প্রধান উদ্দেশ্য হচ্ছে ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা ও এসডিজি এর লক্ষ্যসমূহের সাথে সামঞ্জস্য সাধন করে অগ্রাধিকার খাতসমূহে, বিশেষ করে উচ্চহারে প্রবৃদ্ধি অর্জন কর্মসংস্থানমুখী, মানবসম্পদ উন্নয়ন ও ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ সহায়ক খাতসমূহে, পর্যাপ্ত সম্পদ বরাদ্দ প্রদানের মাধ্যমে ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার লক্ষ্য অর্জন। | নির্দেশিকা অনুযায়ী তথ্য-উপাত্ত সেক্টর বিভাগে প্রেরণ করা না হলে/পাওয়া না গেলে সেক্টর বিভাগ কর্তৃক কল নোটিশে চাহিত তথ্যাদি যথাসময়ে কার্যক্রম বিভাগে প্রেরণ করা সম্ভব হবে না। ফলে এডিপি/ আরএডিপি'র খসড়া চূড়ান্ত করা সম্ভব হবে না।<br><br>দেশের আর্থ-সামাজিক উন্নয়ন ও লক্ষ্য অর্জন বাধাগ্রস্ত হবে। |
| অর্থনৈতিক সম্পর্ক বিভাগ,<br>অর্থ মন্ত্রণালয়। | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ খাত ও প্রকল্পওয়ারী প্রকল্প সাহায্য ও Japan Debt Cancellation Fund (JDCF) বরাদ্দ নির্ধারণপূর্বক তা কার্যক্রম বিভাগ ও সংশ্লিষ্ট সেক্টর-বিভাগকে অবহিত করা। | চূড়ান্তকৃত বার্ষিক উন্নয়ন কর্মসূচি/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি মুদ্রিত ও প্রকাশিত। | বাজেট কাঠামোর আলোকে অর্জনযোগ্য উন্নয়ন প্রকল্প সমন্বয়ে এডিপি/আরএডিপি যথাযথভাবে প্রণয়নের জন্য সম্পদের লভ্যতা (Resource Availability) জানা প্রয়োজন। বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রণয়নের নিমিত্ত প্রয়োজনীয় বরাদ্দ (প্রকল্প ও সংস্থাভিত্তিক) নির্ধারণ পূর্বক পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ ও সেক্টর বিভাগকে অবহিত না করলে প্রকল্প ও সংস্থাভিত্তিক প্রকল্প সাহায্য ও জেডিসিএফ বরাদ্দ এডিপি/আরএডিপিতে প্রতিফলন সম্ভব হবে না, ফলে এডিপি/আরএডিপি চূড়ান্ত করা সম্ভব হবে না। | এডিপি/আরএডিপি সঠিকভাবে প্রণয়নপূর্বক প্রকাশের জন্য অর্থনৈতিক সম্পর্ক বিভাগের নিকট হতে সম্পদের লভ্যতা তথা প্রকল্প ও সংস্থাভিত্তিক প্রকল্প সাহায্য ও জেডিসিএফ বরাদ্দ প্রাপ্যতা নিশ্চিত করণ। | দেশের আর্থ-সামাজিক উন্নয়ন ও লক্ষ্য অর্জন বাধাগ্রস্ত হবে। |